

*Welcome !*



## শিক্ষক পরিচিতিঃ

নামঃ মোহাম্মদ সাহাব উদ্দিন আহমেদ  
পদবীঃ সহকারী অধ্যাপক(ইতিহাস)  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ,  
কুমিল্লা।



## পাঠ পরিচিতি

শ্রেণিঃ একাদশ, শিক্ষাবর্ষঃ ২০১৮--২০১৯

বিষয়ঃ ইতিহাস (দ্বিতীয় পত্র)

আধুনিক বিশ্বের ইতিহাস

সময়ঃ ৪৫মিঃ

তারিখঃ

ভ, ই  
লেনিন





G:\Lenin's speech  
n antisemitism.mp

আজকের আলোচ্য বিষয়ঃ

বলশেভিক বিপ্লবে ভ,ই, লেনিনের অবদান।

## এই পাঠ শেষে শিক্ষার্থীরাঃ

- ০১। লেনিনের জন্ম, মৃত্যু ও শিক্ষা জীবন বলতে পারবে।
- ০২। লেনিনের লিখিত যে কোন দুটি গ্রন্থের নাম বলতে পারবে।
- ০৩। এপ্লিল থিসিস কি বলতে পারবে।
- ০৪। বিপ্লব সংঘটনে লেনিনের কৌশল সম্পর্কে বলবে।

## উপস্থাপন-১

লেনিনের পরিচয়ঃ রুশ বিপ্লবের প্রান পুরুষ

১। প্রকৃত নাম-ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ, ছদ্ম নাম-লেনিন।

২। জীবনকালঃ ১৮৭০—১৯২৪ সাল

৩। ১৭ বছর বয়সে মেট্রিকুলেশন পাশ করেন।

৪। উচ্চতর ডিগ্রির জন্য কাজান বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলেও  
আন্দোলনের কারনে বহিষ্কৃত হন।

৫। পিটার্সবার্গ বিশ্ববিদ্যালয় থেকে আইন শাস্ত্রে স্নাতক লাভ।



## উপস্থাপন-২। রুশ বিপ্লবে লেনিনের অবদান

১। দেশ প্রেমিক এই নেতা ছাত্র অবস্থা থেকেই তৎকালীন জার সরকারের অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামে জড়িত হন। তাকে বহুবার দেশ ত্যাগ করতে হয়। ক্রমে মার্কসবাদের প্রতি গভীর অনুরাগ ও আস্থা সৃষ্টি হয়। একমাত্র সমাজতান্ত্রিক পথেই রুশ জাতির মুক্তি সম্ভব বলে মনে করেন।

২। ১৮৮৫ সালে সুইজারল্যান্ড গমন করেন। সেখানে প্লেখানভ ও এক্সেলরড এর সাথে আলোচনা হয়। দেশে ফিরে এসেই মার্কসবাদী আন্দোলনে জড়িয়ে পড়েন।

৩। ১৮৯৫ সালে তিনি মার্কসবাদী পার্টি গঠনে আত্মনিয়োগ করেন। তৎকালীন ২০টি মার্কসবাদী চক্রকে একত্রিত করে মার্কসবাদী পার্টি গঠনের গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেন। কিন্তু জারের পুলিশ তার জীবন দুর্বিষহ করে তুললে সুইজারল্যান্ডে নির্বাসিত জীবন বেছে নেন। এবং সেখান থেকেই তিনি বিপ্লবী কাজকর্ম পরিচালনার দিকে নজর দেন। সেখান থেকে বিপ্লবী পত্র-পত্রিকা, পুস্তক-পুস্তিকা প্রভৃতি রাশিয়াতে পাঠাতে থাকেন যাতে রাশিয়ার মানুষ বিপ্লবী আদর্শে দীক্ষিত হয়।

৪। ১৯০৩ সালে লন্ডনে বিপ্লবী দলগুলোকে ঐক্যবদ্ধ করার ও দলের কর্মপন্থা নিয়ে আলোচনার জন্য সম্মেলন আহ্বান করেন। কিন্তু দলের কর্মপন্থা নিয়ে লেনিনের সাথে মতবিরোধিতার কারনে স্যোসাল ডেমোক্রেটিক পার্টি দুটি ভাগে বিভক্ত হয়ে পড়ে। সংখ্যাগরিষ্ঠ অংশ বলশেভিক নামে পরিচিত যারা লেনিনের পক্ষ্যে মত দেয়। অপর অংশ মেনশেভিক নামে পরিচিত যারা সংখ্যালগিষ্ঠ।

৫। ১৯০৫ সালে দেশে ফিরে আসলেও আবার দেশ ত্যাগ করতে হয়। কিন্তু তাতেও লেনিন হতাশাকে প্রশয় দেননি। তিনি ইউরোপে অনুষ্ঠিত বিভিন্ন সমাজবাদী সম্মেলনে উপনিবেশবাদের বিরুদ্ধে এবং রাশিয়ার পরিস্থিতি সম্পর্কে নানা বক্তৃতা দেন। তিনি বিভিন্ন প্রবন্ধ, গ্রন্থ লেখেন। তার উল্লেখযোগ্য গ্রন্থ হল Imperialism-the highest stage of capitalism, The development of capitalism in Russia, State and Revolution, what is to be done ইত্যাদি।

৬। ১ম বিশ্বযুদ্ধে রাশিয়া যোগদান করার কারনে দেশের পরিস্থিতি অত্যন্ত সংকটাপন্ন হয়ে উঠে। জার সরকারের জনসমর্থন শূন্যের কোঠায় নেমে আসে। ১৯১৭ সালে জার ২য় নিকোলাস পদত্যাগ করলে লভভ এর নেতৃত্বে অস্থায়ী বুর্জোয়া সরকার ক্ষমতায় আসে। জার্মান সরকারের সহযোগিতায় লেনিন দেশে ফিরে আসেন। এই সময়ে বলশেভিকদের কর্মপন্থা হিসেবে এপ্রিল থিসিস ঘোষণা করেন। অস্থায়ী সরকারের অভ্যন্তরীণ দ্বন্দ্ব ও জাতীয় সংকটকে কাজে লাগিয়ে লেনিন অত্যন্ত কৌশলে বলশেভিক বিপ্লব ঘটিয়ে পৃথিবীর ইতিহাসে ১ম সমাজতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা করেন।

৭। এপ্রিল থিসিস ক) সামরিক সরকারের সাথে কোন সহযোগিতা  
নয় খ) যুদ্ধের বিরুদ্ধে প্রচার চালাতে হবে গ) সব জমি রাষ্ট্রীয়করন  
করতে হবে ঘ) দেশের সর্বত্র সোভিয়েতগুলোতে ক্ষমতা দখল  
করতে হবে ঙ) উৎপাদন ও বন্টনের উপর জাতীয় নিয়ন্ত্রন প্রতিষ্ঠা  
করতে হবে। আন্দোলনের কৌশল হিসেবে

লেনিন এপ্রিল থিসিসে আরো বলেন যে, জার সরকারের পতনে  
শ্রমিকশ্রেনীর খুশী হওয়ার কিছু নেই, বুর্জোয়া বিপ্লব ও শ্রমিক বিপ্লব  
একসাথে চলবে এবং শেষ পর্যন্ত শ্রমিকরা ক্ষমতা দখল করবে।  
বুর্জোয়াদের শিকড় ছড়ানোর পূর্বেই উপড়ে ফেলতে হবে।

৮। আন্দোলনের কৌশল হিসেবে লেনিন কৃষকদের বিপ্লবের জন্য সহায়তাকারী হিসেবে ব্যবহারের পরিকল্পনা করেন। কারণ-সব কৃষকই ভূস্বামীদের দ্বারা অত্যাচারিত ছিল। এরা সহজেই স্বৈরশাসনের ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রামী হবে।

৯। ১৯১৭ সালের অক্টোবর মাসে রাশিয়ায় বিভিন্ন সংকটের কারনে আইন-শৃঙ্খলার মারাত্মক অবনতি ঘটে। এই সুযোগে লেনিন সশস্ত্র বিপ্লবের মাধ্যমে ক্ষমতা গ্রহণের সিদ্ধান্ত নেন। তিনি এ সময় বলেছিলেন- এ-মুহর্তে বিপ্লব না করলে ইতিহাস আমাদের ক্ষমা করবেনা, বিপ্লব না করা মৃত্যুর শামিল। অবশেষে ২৫ অক্টোবরে ক্ষমতা নেনিনের নেতৃত্বাধীন বলশেভিক পার্টির হাতে চলে আসে। সংঘটিত হয় সমাজতান্ত্রিক বিপ্লব।



## মূল্যায়নঃ

- ১। লেনিনের প্রকৃত নাম কি ছিল?
- ২। লেনিনের যে কোন দুটি গ্রন্থের নাম বল?
- ৩। বলশেভিক শব্দের অর্থ কি?
- ৪। এপ্রিল থিসিস কি?

## বাড়ীর কাজঃ

রুশ বিপ্লবে ভ,ই লেনিনের অবদান বিশ্লেষণ কর।



Thank You!

